তারিখ ... 07 FEB 1990
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৩ ...

দৈনিক ইনকিলাব

0254 25/

## ডিগ্রী পরীক্ষার ফলাফল

দেরী করে পরীক্ষার ফলাফল ঘোষণা করা এখন দেশের প্রায় প্রতিটি বিশ্ববিদ্যালয়েরই একটি অলঙ্ঘনীয় নিয়ম হয়ে দাঁড়িয়েছে। এ ব্যাপারে রাজশাহী বিশ্ববিদ্যালয় অন্যান্য বিশ্ববিদ্যালয়ের তুলনায় আরো বেশী পিছনে পড়ে আছে। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে বিভিন্ন কলেজগুলোতে যারা অনার্স পড়ছে এ নিয়ে তাদের ভোগান্তির কোন শেষ নেই।

সেশনজট নিরসনের লক্ষ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সম্প্রতি বিলম্বিত পরীক্ষাগুলোকে পূর্বের তুলনায় অনেক এগিয়ে এনেছেন।

### শিক্ষাঙ্গন

নিঃসন্দেহে কর্তৃপক্ষের এটি একটি প্রশংসনীয় উদ্যোগ। কিন্তু দুঃখের বিষয় রেজাল্টের ব্যাপারে কর্তৃপক্ষ এখনও আগের মতই উদাসীন। যার ফলে, "১৯৮৭ সালের পার্ট—১" পরীক্ষার ফলাফল কলেজগুলোয় পৌছাতে না পৌছাতেই "১৯৮৮ সালের পার্ট—১" পরীক্ষার ফরম পূরণ শেষ হয়ে গেছে।

দুঃখজনক হলেও সত্যি যে, যারা "১৯৮৭ সালের অনার্স পার্ট—১" পরীক্ষায় উত্তীর্ণ হয়নি তাদের অনেকেই "১৯৮৮ সালের উক্ত পরীক্ষায়" অবতীর্ণ হতে পারেনি। আর যারা অবতীর্ণ হয়েছে তারাও ভাল প্রস্তুতি নেবার সময় পায়নি।

সুতরাং স্বাভাবিকভাবেই তাদের শিক্ষাজীবন আরো একটি বছর দীর্ঘায়িত হল।

সম্প্রতি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সেশনজটে আটকে যাওয়া প্রায় প্রতিটি পরীক্ষারই তারিখ ঘোষণা করেছেন। ঘোষিত তারিখ অনুযায়ী ১৯৮৯ সালের বিএ, বিএসসি, বিকম ফাইনাল পরীক্ষা আগামী ২২ মার্চ। অথচ এখনও পর্যন্ত ১৯৮৮ সালের উক্ত পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়নি।

তাছাড়া "১৯৮৮ সালের পার্ট—২ পরীক্ষা" এবং "১৯৮৯ সালের পার্ট—১" পরীক্ষার তারিখ ঘোষিত হয়েছে যথাক্রমে ১ জুলাই, ১৯৯০ এবং ২৭ জুলাই, ১৯৯০। তাই এর পূর্ববর্তী সনের পার্ট—১ পরীক্ষাও পার্ট—২ পরীক্ষার ফলাফল দ্রুত প্রকাশ করার এবং পরবর্তীতে একটি নির্দিষ্ট এবং সংক্ষিপ্ত সময়ে পরীক্ষাসমূহের ফলাফল প্রকাশের উদ্যোগ নেয়া প্রয়োজন বলে আমরা মনে করি।

—রোকসানা সুলতানা 'লুনা'